

## বিজ্ঞপ্তি

এতদ্বারা ঝাড়গ্রাম সদর মহকুমার অধিবাসীদের জ্ঞাতার্থে প্রচারিত হচ্ছে যে, সংশ্লিষ্ট মহকুমার অন্তর্গত ৮ টি ব্লকের ১১২ টি গ্রামের আশাকর্মী'র শূণ্যপদগুলি পূরণ করা হবে। সেজন্য যেসব মহিলাদের নিম্নবর্ণিত যোগ্যতাবলী আছে তারা ইচ্ছুক প্রার্থী হিসাবে আশাকর্মীর শূণ্যপদের জন্য আবেদন পত্র জমা দিতে পারে।

ক) যোগ্যতাবলী:-

- ১) অবশ্যই বিবাহিতা / বিবাহ বিচ্ছিন্না / বিধবা হবেন (বিবাহ বিচ্ছিন্নার ক্ষেত্রে সরকারী কাগজ লাগবে।)
- ২) অবশ্যই যে গ্রামের জন্য আশাকর্মী হিসাবে নিযুক্ত হবে সেই গ্রামের বাসিন্দা হবে।
- ৩) বসয় অবশ্যই ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশিলী জাতি/ তপশিলী উপজাতি মহিলাদের ক্ষেত্রে বয়সের নিম্নসীমা ২২ বছর হলে হবে (২০১৭ সালের ১লা জানুয়ারী বয়স গ্রহণযোগ্য বয়স হিসাবে ধরা হবে।)
- ৪) অবশ্যই মাধ্যমিক বা সমতুল্য মানের পরীক্ষার্থী হতে হবে।
- ৫) মহিলাগণ, যারা মাধ্যমিক পাশ বা আরও উচ্চতর শিক্ষার অধিকারিণী তারাও উপরোক্ত যোগ্যতাবলীর সাপেক্ষে প্রার্থী হতে পারবে। তবে শুধুমাত্র মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বর গ্রহণযোগ্য হবে।

খ) কোন কোন প্রমাণপত্র দিতে হবে বা আবশ্যিকভাবে দেখাতে হবে:-

- ১) বসবাসের প্রমাণ হিসাবে ভোটার পরিচয় পত্র বা রেশন কার্ড (প্রত্যয়িত কপি আবেদনপত্রের সঙ্গে)।
- ২) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মূল নম্বর পত্র (প্রত্যয়িত কপি আবেদনপত্রের সঙ্গে)।
- ৩) বয়সের প্রমাণ হিসাবে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার Admit Card/জন্ম নিবন্ধন শংসাপত্র (প্রত্যয়িত কপি আবেদনপত্রের সঙ্গে)।
- ৪) উপরোক্ত তথ্যাদি সহ দরখাস্ত (১০ টাকার ডাকটিকিট লাগানো নিজ ঠিকানা লেখা একটি বড় অফিস খাম সহ) সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিকের অফিসে জমা করতে হবে।
- ৫) এছাড়াও এক কপি স্ব-প্রত্যয়িত ফটো আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে লাগাত হবে এবং ঐ একইরকম আরেক কপি ফটো আবেদনপত্রের সঙ্গে জমা করতে হবে।

আবেদনপত্র গ্রহণের স্থান, তারিখ ও সময়:-

আবেদনকারিণী যে ব্লকে বসবাস করেন, সেই ব্লক অফিসে ১৩/১১/২০১৭ তারিখ থেকে ৩০/১১/২০১৭ ছুটির দিন বাদে বেলা ১০.০০টা থেকে ৫.০০ টা অবধি আবেদনপত্র সরাসরি জমা দেওয়া যাবে।

এছাড়া আরও জানানো যায় যে, যে এলাকায় জনসংখ্যার গরিষ্ঠ অংশ তপশিলী জাতি বা তপশিলী উপজাতি সম্প্রদায়ের লোক, সেই এলাকায় “আশাকর্মী” নিয়োগের ক্ষেত্রে উক্ত সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। এছাড়া, গ্রেড- ১ বা গ্রেড- ২ প্রাপ্ত স্ব-সহায়ক দলের সদস্য/প্রশিক্ষিত দাই/ লিঙ্ক কর্মীদের ‘ক’এ বর্ণিত যোগ্যতাবলী সাপেক্ষে অগ্রাধিকার দেওয়া হবে।

তপশিলী জাতি / তপশিলী উপজাতি সম্প্রদায়ের ইচ্ছুক প্রার্থী বা প্রার্থীরা গ্রেড- ১ বা গ্রেড- ২ প্রাপ্ত স্ব-সহায়ক দলের সদস্য বা অন্যান্যদের থেকে অগ্রাধিকার পাবেন। এছাড়া অগ্রাধিকার প্রাপ্ত প্রার্থীরা যাবতীয় যোগ্যতাবলীর পূরণের সাপেক্ষে আশাকর্মীর শূণ্যপদের জন্য নিয়োগের ক্ষেত্রে স্বাভাবিকভাবে বিবেচিত হবে।

প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের ঝাড়গ্রাম সদর মহকুমা শাসকের অফিসে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। ঐ বিষয়ে তারিখ, সময় ও ব্লকের নাম পরে জানানো হবে।

ইচ্ছুক প্রার্থীদের আরও জানানো যাচ্ছে যে, “আশাকর্মী”র ব্লকভিত্তিক শূণ্যপদের সংখ্যা ও এলাকা সম্পর্কিত তথ্য সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে বা বি.এম.ও.এইচ মহাশয়ের অফিসে পাওয়া যাবে।

এছাড়া আবেদন পত্রের নমুনা কপি সংশ্লিষ্ট বি.ডি.ও/বি.এম.ও.এইচ মহাশয়ের কার্যালয়ে পাওয়া যাবে।

  
সদস্য সচিব,

মহকুমা স্তরীয় আশা নিয়োগ কমিটি, ঝাড়গ্রাম  
এবং

মহকুমা শাসক, ঝাড়গ্রাম সদর, ঝাড়গ্রাম

তারিখ : ২০/১১/১৭